**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 11-07-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) শ্রমমন্ত্রী টিংকু রায় বলেছেন আত্মনির্ভর হবার জন্য চালু পিএম-বিশ্বকর্মা যোজনায় রাজ্যের ১৮টি ক্ষেত্রের শিল্পীরা সুফল পাচ্ছেন ।**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল ভিডিও কনফারেন্সের মাধ্যমে ৫১ হাজারেরও বেশি নিয়োগপত্র বিতরণ করবেন ।**

**(৩) মন্ত্রী কিশোর বর্মণকে পঞ্চায়েত, উচ্চশিক্ষা এবং জেনারেল এডমিনিস্ট্রেসন পলিটিকেল দপ্তরের দায়িত্ব দেওয়া হয়েছে ।**

**(৪) ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত রাখাল শিল্ড নকআউট ফুটবল প্রতিযোগিতা আজ থেকে আগরতলায় শুরু হয়েছে ।**

******************************************

**P.M Vishwakarma :**

শ্রমমন্ত্রী টিংকু রায় বলেছেন আত্মনির্ভর হবার জন্য চালু পিএম-বিশ্বকর্মা যোজনায় রাজ্যের ১৮টি ক্ষেত্রের শিল্পীরা সুফল পাচ্ছেন। আজ কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রের প্রদর্শনী হলে পি.এম-বিশ্বকর্মা যোজনার অধীনে সুবিধাভোগীদের প্রশিক্ষণের সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানে তিনি একথা বলেন। অনুষ্ঠানে ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশও বক্তব্য রাখেন।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *

**CEO :**

রাজ্যের ৩০ জন ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসার অর্থাৎ ই.আর.ও-দের নিয়ে আজ রাজ্য অতিথিশালায় এক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালার

উদ্বোধন করেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক ব্রিজেশ পান্ডে। তিনি বলেন ত্রুটিমুক্ত ভোটার তালিকা প্রকাশ এবং হিংসা মুক্ত নির্বাচন করার লক্ষ্যেই এই কর্মশালার আয়োজন।

****************************

**TSECL Smart Meter :**

রাজ্য বিদ্যুৎ নিগমের এম ডি বিশ্বজিৎ বসু আজ এক সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন, স্মার্ট মিটারের মাধ্যমে বিদ্যুৎ ভোক্তারা নিয়মিত ও সঠিক পরিমাপযোগ্য বিদ্যুৎ বিল পাবেন। বাড়ি বাড়ি গিয়ে প্রতিনিয়ত বিদ্যুৎ মিটারের রিডিং নেওয়াও প্রয়োজন হবে না বিদ্যুৎ নিগমের। তাছাড়া ভোক্তারা কি পরিমান বিদ্যুৎ ব্যবব্যবহার করছেন তা তাদের মোবাইল এপে দেখে নিতে পারবেন। শ্রী বসু বলেন, এশিয় উন্নয়ন ব্যাংকের অর্থায়নে এবং ভারত সরকারের Revamped Distribution Sector Scheme-এর অধিনে রাজ্যে এধরনের ৬ লক্ষ স্মার্ট মিটার বসানো হবে।

সাংবাদিক সম্মেলনে তিনি আরো জানান, রাজ্যে বিদ্যুৎ উৎপাদন খরচ ও জ্বালানী খরচ বেড়ে যাওয়ায় রাজ্য বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশনের সুপারিশের ভিত্তিতে নিগম গত এপ্রিল মাস থেকে বিদ্যুৎ মাশুল বাড়াতে বাধ্য হয়েছে। যা ভোক্তাদের কাছ থেকে এরিয়ার হিসাবে আদায় করা হচ্ছে। শ্রী বসু জানান, রাজ্যে মাত্র ৪৯ শতাংশ ভোক্তা নিয়মিত তাদের বিদ্যুৎ বিল পরিশোধ করে থাকেন। নিয়মিত ও বকেয়া বিদ্যুৎ বিল মিটিয়ে দেওয়ার জন্য ভোক্তাদের কাছে নিগমের পক্ষ থেকে অনুরোধ করা হয়েছে।

***************************

**PM-ROJGAR MELA :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল সকাল ১১টায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিভিন্ন সরকারি দপ্তর ও সংস্থায় নবনির্বাচিত কর্মপ্রার্থীদের মধ্যে ৫১ হাজারেরও বেশি নিয়োগপত্র বিতরণ করবেন। অনুষ্ঠানে তিনি নিয়োগপ্রাপ্তদের উদ্দেশ্যে বক্তব্যও রাখবেন। কর্মসংস্থান সৃষ্টিকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়ার লক্ষ্যে প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি পূরণ একটি পদক্ষেপ হল

রোজগার মেলা। এই রোজগার মেলা যুবসমাজকে তাদের ক্ষমতায়ন এবং জাতি গঠনের অংশিদারিত্বে অর্থপূর্ণ সুযোগ প্রদানের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। সারা দেশে এখন পর্যন্ত রোজগার মেলার মাধ্যমে ১০ লক্ষেরও বেশি নিয়োগপত্র প্রদান করা হয়েছে।আগামীকাল ষোড়শ রোজগার মেলা সারা দেশের ৪৭টি স্থানে অনুষ্ঠিত হবে। রোজগার মেলার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের মন্ত্রক ও বিভাগগুলিতে নিয়োগ করা হবে। সারা দেশ থেকে নির্বাচিত নতুন নিয়োগপ্রাপ্তরা রেল মন্ত্রক, স্বরাষ্ট্র মন্ত্রক, ডাক বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক, আর্থিক পরিষেবা বিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রক সহ অন্য মন্ত্রক ও বিভাগগুলিতে যোগ দেবেন।

******************************

**WORLD POPULATION DAY-J.P. NADDA :**

আজ বিশ্ব জনসংখ্যা দিবস। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডা সামাজিক মাধ্যমে জানিয়েছেন, এই দিবস পরিবার পরিকল্পনা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং জনসংখ্যা-সম্পর্কিত চ্যালেঞ্জ মোকাবিলায় ভারতের প্রতিশ্রুতি পুনর্নবীকরণের একটি মঞ্চ হিসেবে সক্রিয়। কেন্দ্রীয় সরকার আয়ুষ্মান আরোগ্য মন্দির সহ জনস্বাস্থ্য সুবিধার মাধ্যমে দেশজুড়ে প্রয়োজনীয় পরিবার পরিকল্পনা পরিষেবা প্রদান করছে, একটি সুস্থ ভারতের পথ প্রশস্ত করছে। উল্লেখ্য এই বছর বিশ্ব জনসংখ্যা দিবসের শ্লোগান "মা হওয়ার বয়স সেটাই, যখন ঠিকভাবে শরীর ও মন তৈরী হয়ে যায়" - এই শ্লোগানের মাধ্যমে মূলতঃ শরীর ও মনের প্রস্তুতি সহ পিতৃত্ব ও মাতৃত্বের সিদ্ধান্ত গ্রহণের ব্যাপারে জানা এবং সক্ষমতা অর্জনে গুরুত্ব আরোপ করে।

********************************

**Bikash Debbarma-DAJBA :**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেব্বর্মা আজ আগরতলার প্রজ্ঞা ভবনে ধরতি আবা জন ভাগীদারি অভিযান এর অংশ হিসেবে আয়োজিত এক সভায় পৌরহিত্য করেন। শ্রী দেব্বর্মা বলেন এই সভার মূল উদ্দেশ্য হলো জনজাতিদের মধ্যে আধার কার্ড, PRTC, ম্যারেজ সার্টিফিকেট, এস.টি

সার্টিফিকেট ইত্যাদি প্রদান সহ জনজাতি সমাজের গৌরবময় ইতিহাস, সংস্কৃতি ও অবদানের বার্তা সর্বত্র পৌঁছে দেওয়ার একটি মহতী প্রয়াস। বৈঠকে শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা বলেন ধরতি আবা জন ভাগীদারি অভিযানের প্রাথমিক লক্ষ্য হল চলতি বছরের ১৫ নভেম্বরের মধ্যে প্রত্যেক যোগ্য জনজাতি নাগরিকের কাছে সমস্ত সরকারী সুযোগ সুবিধা ঠিক ঠিক ভাবে পৌছে দেওয়া। সভায় বিধায়ক রামপদ জমাতিয়াও উপস্থিত ছিলেন।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**Minister –Department :**

মন্ত্রী কিশোর বর্মণকে তিনটি দপ্তরের দায়িত্ব দেওয়া হয়েছে। মুখ্য সচিব জে কে সিনহা আজ এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন মন্ত্রী শ্রী বর্মণকে পঞ্চায়েত, উচ্চ শিক্ষা এবং জেনারেল এডমিনিস্ট্রেশন পলিটিকেল দপ্তরের দায়িত্ব দেওয়া হয়েছে। গত তেসরা জুলাই রাজ্য মন্ত্রিসভার সদস্য হিসেবে শপথ নিয়েছিলেন কিশোর বর্মণ।

*****************************

**CPIM :**

সি.পি.আই.এম পশ্চিম জেলা কমিটির উদ্যোগে আজ আগরতলা শহরে বিক্ষোভ মিছিল ও সভা সংঘটিত করা হয়। সি আই টি ইউর রাজ্য সভাপতি মানিক দে জানান, বিদ্যুতের দাম বৃদ্ধির প্রতিবাদেও বিজেপি সরকারের বিভিন্ন নীতির বিরুদ্ধে এই কর্মসূচির আয়োজন করা হয়। বিক্ষোভ মিছিলটি উত্তর গেইট থেকে শুরু হয়। এরপর আগরতলা ভুতুরিয়াস্থিত বিদ্যুৎ নিগমের সামনে এক সভায় বক্তব্য রাখতে গিয়ে সি.আই.টি.ইউ রাজ্য সভাপতি শ্রী দে বর্ধিত বিদ্যুৎ মাসুল অবিলম্বে বাতিল করা, জ্বালানি গ্যাসের দাম প্রত্যাহার করা, স্মার্ট মিটার লাগানো বন্ধ করার দাবির স্বপক্ষে বক্তব্য রাখেন। সভায় সিপিআইএম সদর মহকুমা সম্পাদক অমল চক্রবর্তী, পশ্চিম জেলার সম্পাদক রতন দাসও বক্তব্য রাখেন।

*****************************

**Train movement :**

এন এফ রেলওয়ের পক্ষ থেকে জানানো হয়েছে আগরতলা- এসএমভিটি বেঙ্গালুরু ১২৫০৪ নং হামসফর এক্সপ্রেস, যার আগামীকাল ১২ জুলাই গুয়াহাটি থেকে রওয়ানা হওয়ার ঘোষণা ছিল, ট্রেনটি নির্ধারিত সময়সূচী অনুযায়ী আগামীকাল আগরতলা রেল ষ্টেশন থেকেই রওয়ানা দেবে। এন এফ রেলওয়ের পক্ষ থেকে আরো জানানো হয়েছে যে, লামডিং – বদরপুর পাহাড় লাইনের - ডিহাখো- মুপা স্টেশনের মাঝে, কাঁদা মাটি পাথর ইত্যাদির বিপুল পরিমানে ধস নামায় ট্রেন চলাচল বিঘ্নিত হয়েছে। ট্রেন লাইন পুনরুদ্ধারের কাজ চলছে পুরোদমে। যার জন্য, এই সেকশনে ট্রেন চলাচল নিয়ন্ত্রিত করা হচ্ছে। 07029 নং আগরতলা- চারলাপল্লি এক্সপ্রেস ট্রেনটি আগামীকাল ১২ই জুলাই ভোর ৫টায় আগরতলা থেকে ছাড়বে বলে জানানো হয়।

*****************************

**HIV/AIDS :**

আজ কৈলাশহর স্বামী বিবেকানন্দ ভবনে ত্রিপুরা এইডস কন্ট্রোল সোসাইটি আয়োজিত এক সচেতনতামূলক অনুষ্ঠানের উদ্বোধন করেন যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায়। তিনি বলেন এইচ,আই,ভি/এইডস'কে ঠেকাতে সাবধানতা ও সচেতনতা বাড়াতে হবে।

*************************

**Kishori Utkasha Mancha-Tinku Roy :**

সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় আজ কৈলাশহর ঊনকোটি কলাক্ষেত্রে দু'দিনের "কিশোরী উৎকর্ষ মঞ্চ"অনুষ্ঠানের উদ্বোধন করেন। তিনি বলেন, মেয়েদের শিক্ষা সহ সার্বিক বিকাশে সরকারের বহুমুখী কর্মধারা রয়েছে। তিনি বাল্যবিবাহ প্রতিরোধে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান। অনুষ্ঠানে বক্তব্য রাখেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায় প্রমুখ।

****************************

**Meyor-CSC Day:**

আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার আজ আগরতলার সুকান্ত একাডেমিতে ১৬তম কমন সার্ভিস সেন্টার বা সিএস সি দিবসের উদ্বোধন করেন। মেয়র শ্রী মজুমদার বলেন সি.এস.সি.র লক্ষ্য হলো নাগরিকদের প্রয়োজনীয় পরিষেবা প্রদানের মাধ্যমে একটি ডিজিটাল এবং আর্থিকভাবে অন্তর্ভুক্তিমূলক সমাজ গড়ে তোলা।

****************************************************

**Rakhal Shield :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত রাখাল শিল্ড নকআউট ফুটবল প্রতিযোগিতা আজ থেকে আগরতলায় শুরু হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে আসরের উদ্বোধন করেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী। অনুষ্ঠানে

প্রাক্তন ফুটবলার দীপংকর দেব সহ রাজ্য ফুটবল সংস্থার সভাপতি প্রণব সরকার উপস্থিত ছিলেন। পরে নৈশালোকে উদ্বোধনী খেলায় বীরেন্দ্র ক্লাব ও লালবাহাদুর ব্যায়ামাগার পরস্পরের মুখোমুখি হয়। শেষ খবর পর্যন্ত এই দুই দলের খেলা চলছে। আসরে মোট ১০টি ক্লাব অংশ নিয়েছে।

************************

**Weather :**

আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে আকাশ সাধারণত মেঘলা থাকবে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.২ ডিগ্রি সেলসিয়াস।

*************************